



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নম্বর- ০৫.৪৩.৮৮২৭.০০০.০৪.০০৮.২১-৯৯৮

তারিখঃ ২৭ মাঘ ১৪২৬ ব.  
১০ ফেব্রুয়ারি ২০২১খ্রি.

**১৪২৮ বাংলা সনের হাট-বাজার ইজারা (১ম, ২য়, ৩য়) বিজ্ঞপ্তি**

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের, ২১/০৯/২০১১ খ্রিঃ তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১-৮৭০ নং স্মারকের জারীকৃত সরকারী হাট-বাজার সমূহ ইজারা পদ্ধতি ও ব্যবস্থাপনা সম্পর্কিত সর্বশেষ নীতিমালা মোতাবেক চৌহালী উপজেলার ভৌগোলিক সীমার মধ্যে অবস্থিত নিম্নোক্ত হাট-বাজার সমূহ বাংলা ১৪২৮ বঙ্গাব্দের ১ লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর সময়ের জন্য ইজারা প্রদানের নিমিত্ত ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত ফরমে নিম্নবর্ণিত ক্যালেন্ডার ও শর্ত সাপেক্ষে সীলমোহরকৃত দরপত্র আহবান করা হচ্ছে।

**হাট-বাজারের নাম, দরপত্র দাখিলের তারিখ ও সময়সূচী:**


ক্রঃ নং	হাট-বাজারের নাম	দরপত্র দাখিলের তারিখ			দরপত্র গ্রহণের সময়	দরপত্র বাস্তব খোলার সময়	বিগত তিন বছরের গড়+৬% বর্ধিত মূল্য (সরকারি মূল্য)	দরপত্র ফরমের মূল্য (অফেরৎ যোগ্য)
		১ম বার	২য়বার	৩য় বার				
০১	বেতিল হাট- বাজার	২৪/০২/২০২০	০৩/০৩/২০২০	১৪/০৩/২০২০	সকাল ১০.০০টা হতে বেলা ১.০০ টা পর্যন্ত	বেলা ২.০০টা	=৩,৯৯,৯৩৫/-	=২,০০০/-
০২	জোতপাড়া হাট- বাজার	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ	=৮,৭৭,৫০৩/-	=২,০০০/-
০৩	এনায়েতপুর পুরাতন বাজার	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ	=৮৮,২৬৩/-	=১,০০০/-

১ম বার দরপত্র গ্রহণের তারিখে যদি হাটটির দাখিলকৃত দরপত্র অনুমোদিত না হয় তাহলে ২য়/৩য় বার দরপত্র গ্রহণ করা হবে। ১ম বার দরপত্র অনুমোদিত না হলে পরবর্তী ধার্য তারিখের জন্য পৃথক কোন বিজ্ঞপ্তি জারী করা হবে না। দরপত্র নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত (অফিস চলাকালীন সময়ে) ক্রয় করা যাবে। দরপত্র নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাস্তবে নির্ধারিত তারিখ ও সময়ে দাখিল করা যাবে। দরপত্রটি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ের নোটিশ বোর্ড এবং উপজেলা পোর্টালের ওয়েব সাইটেও প্রদর্শিত হবে।

**শর্তাবলীঃ**

- ১। বাংলা ১৪২৮ সনের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত এক বছর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।
- ২। দরপত্রদাতাকে দরপত্রের সাথে সরকারী মূল্যের ৩০% অর্থ জামানত হিসাবে যে কোন তফশীলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, চৌহালী এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজে খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যাপন করা হবে।
- ৩। যাহার দরপত্র গৃহীত হইবে, দরপত্রদাতা সংবাদ অব্যাহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তরভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% অয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে। অন্যথায় হাট-বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।
- ৪। প্রাপ্ত দরের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারী মূল্য হইতে কম হয় তাহলে পুনরায় দরপত্র আহবান করা হবে।
- ৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য হাট-বাজারের জন্য ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভুক্ত বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।
- ৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- ৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।
- ৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

- ৯। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবে না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা তাহলে ইজারা বাতিল বলে গণ্য হবে।
- ১০। ইজারাদার সমুদয় অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩০ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিন শত) টাকা মূল্যের নন জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।
- ১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন।
- ১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করিবেন।
- ১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি ও লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।
- ১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দাখিলকৃত সময়ে হারাহারি ভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।
- ১৬। হাট-বাজারের ইজারার অর্থ সরকারি দাবি আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।
- ১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লঙ্ঘন হলে ইজারা বাতিল হবে।
- ১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

  
৩০/০২/২০২১


মোছাঃ আফসানা ইয়াসমিন  
উপজেলা নির্বাহী অফিসার  
চৌহালী, সিরাজগঞ্জ  
ফোন # ০১৭৩৩-৩৩৫০৩৮ (দাপ্তরিক)  
E-mail: unochowhali@mopa.gov.bd

নম্বর- ০৫.৪৩.৮৮-২৭.০০০.০৪.০০৮.২১-১১৮

তারিখ : ২৭ মাঘ ১৪২৬ ব.  
১০ ফেব্রুয়ারি ২০২১খ্রি.

অনুলিপি: (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ০৩। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ
- ০৪। পুলিশ সুপার, সিরাজগঞ্জ
- ০৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিরাজগঞ্জ
- ০৬। উপপরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, সিরাজগঞ্জ
- ০৭। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব), সিরাজগঞ্জ
- ০৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চৌহালী, সিরাজগঞ্জ
- ০৯। উপজেলা নির্বাহী অফিসার ..... (সকল), সিরাজগঞ্জ
- ১০। সহকারী কমিশনার (ভূমি), চৌহালী, সিরাজগঞ্জ
- ১১। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, চৌহালী, সিরাজগঞ্জ (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১২। উপজেলা..... অফিসার (সকল), চৌহালী/ব্যবস্থাপক..... শাখা/ পোস্ট মাস্টার, চৌহালী, সিরাজগঞ্জ
- ১৩। চেয়ারম্যান/সচিব,..... ইউনিয়ন পরিষদ (সকল), চৌহালী, সিরাজগঞ্জ (তাকে হাট-বাজার ও জনবহুল স্থানসমূহে ঢোল সহরত ও মাইকের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো)
- ১৪। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ..... ইউনিয়ন ভূমি অফিস(সকল), চৌহালী, সিরাজগঞ্জ। (তাকে হাট-বাজার ও জনবহুল স্থানসমূহে ঢোলসহ ও মাইকের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো এবং জারীর প্রতিবেদন যথাসময়ে প্রেরণ করার জন্য বলা হলো)
- ১৫। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক যায়যায় দিন/দৈনিক যুগের কথা। (উপরোক্ত বিজ্ঞপ্তিটি অপনার প্রচারিত পত্রিকার ভিতরের পাতায় স্বল্প পরিসরে একদিনের জন্য প্রকাশ করতঃ প্রকাশিত বিজ্ঞপ্তির বিলসহ ০২ (দুই) কপি সরবরাহের জন্য অনুরোধ করা হলো)
- ১৬। জনাব..... ইজারাদার ..... হাট-বাজার, চৌহালী, সিরাজগঞ্জ
- ১৭। অত্রাফিস কপি/নোটিশ বোর্ড

  
৩০/০২/২০২১

মোছাঃ আফসানা ইয়াসমিন  
উপজেলা নির্বাহী অফিসার  
চৌহালী, সিরাজগঞ্জ